শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
**সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ**
**টিলাগড়, সিলেট।**
**ওয়েবসাইটঃ** www.sec.ac.bd

# বি.এসসি. (ইঞ্জিঃ) ১ম বর্ষ ১ম সেমিস্টার ভর্তি নির্দেশিকা, শিক্ষাবর্ষ: ২০২৩-২০২৪

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সরকারি শিক্ষা প্রতিষ্ঠান সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং ও ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদি বি.এসসি. (ইঞ্জিঃ) কোর্সে ভর্তিচ্ছু যোগ্যতা সম্পন্ন ছাত্র/ছাত্রীদের নিকট থেকে অনলাইনে দরখাস্ত আহবান করা হচ্ছে। সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজের ওয়েব সাইট www.sec.ac.bd ও কলেজের নোটিশ বোর্ডে ভর্তি সংক্রান্ত সকল তথ্যাদি পাওয়া যাবে।

**১। ভর্তি কার্যক্রমে উল্লেখযোগ্য তারিখসমূহ**

| ক্রমিক নং | বিষয় | তারিখ |
|---|---|---|
| ক) | অনলাইনে আবেদন ফরম পূরণ, জমা ও আবেদন ফি প্রদানের তারিখ | ০১/০৫/২০২৪ খ্রিঃ হতে ৩১/০৫/২০২৪ খ্রিঃ পর্যন্ত |
| খ) | ভর্তি পরীক্ষার তারিখ ও সময় | ২৯/০৬/২০২৪ খ্রিঃ, সকাল ১১.০০ ঘটিকা |

**২। বিভাগ ও আসন সংখ্যা**

| ক্রমিক নং | বিভাগের নাম | আসন সংখ্যা | | |
|---|---|---|---|---|
| | | সাধারণ | মুক্তিযোদ্ধা সন্তান /ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/চা শ্রমিক সন্তান | মোট |
| ক) | কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৬০ | ০১/০১/০১ | ৬৩ |
| খ) | সিভিল ইঞ্জিনিয়ারিং | ৬০ | ০১/০১/০১ | ৬৩ |
| গ) | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | ৬০ | ০১/০১/০১ | ৬৩ |
| **সর্বমোট** | | ১৮০ | ০৩/০৩/০৩ | **১৮৯** |

**৩। ভর্তির জন্য আবেদনের যোগ্যতা**

ক) পরীক্ষার্থীকে বিজ্ঞান বিভাগ হতে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান উভয় পরীক্ষায় আলাদাভাবে কমপক্ষে GPA ৩.০০ সহ সর্বমোট কমপক্ষে GPA ৭.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে। তবে এইচ.এস.সি পরীক্ষায় গণিত, পদার্থ ও রসায়ন বিষয়ে আলাদাভাবে কমপক্ষে GP ৩.০০ থাকতে হবে। ভর্তিচ্ছু প্রার্থীকে অবশ্যই ২০২০/২০২১ সালের এস.এস.সি/সমমান ও ২০২২/২০২৩ সালের এইচ.এস.সি/সমমান অথবা ২০২০/২০২১ সালের GCE ‘O’ লেভেল ও ২০২২/২০২৩ সালের GCE ‘A’ লেভেল পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে ।

খ) জি.সি.ই. O লেভেলে কমপক্ষে ৩ টি বিষয়ে B গ্রেডসহ ৫টি বিষয়ে পাশ এবং জি.সি.ই. A লেভেলে কমপক্ষে ২টি বিষয়ে B গ্রেড সহ ৩টি বিষয়ে পাশ থাকতে হবে ।

**৪। অনলাইনের মাধ্যমে আবেদনের নিয়মাবলি ও আবেদন ফি প্রদান**

ক) ভর্তি আবেদনের ওয়েব সাইট (admission.sec.ac.bd) এর মাধ্যমে আবেদন ফরম পূরণ করতে হবে এবং আবেদন ফি বাবদ ১৫০০/- (একহাজার পাঁচশত) টাকা অনলাইন পেমেন্ট গেটওয়ে (ডেবিট কার্ড/বিকাশ/নগদ/আই-ব্যাংকিং/রকেট) এর মাধ্যমে প্রদান করতে হবে।

খ) মুক্তিযোদ্ধা সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/চা শ্রমিক সন্তান কোটায় আবেদনকারীদের আবেদন ফরমে নির্ধারিত কোটা নির্বাচন করতে হবে।

গ) আবেদন ফরম যথাযথভাবে পূরণ করা হলে আবেদনকারীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে একটি ইউজার আইডি (User ID) ও পাসওয়ার্ড (Password) দেওয়া হবে। ইউজার আইডি (User ID) ও পাসওয়ার্ড (Password) টি গুরুত্বপূর্ণ বিধায় প্রার্থীকে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

ঘ) প্রাপ্ত ইউজার আইডি (User ID) ও পাসওয়ার্ড (Password) দিয়ে লগইন করে ওয়েব সাইট থেকে পেমেন্ট করতে হবে এবং প্রবেশপত্রের রঙ্গীন প্রিন্ট নিতে হবে। পরীক্ষার দিন পরীক্ষার্থীকে প্রবেশপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে।

ঙ) পেমেন্ট এর Transaction ID টি সংরক্ষণ করতে হবে। কেননা পেমেন্ট প্রদানে কোন সমস্যা হলে উক্ত Transaction ID টি উল্লেখ করে admission@sec.ac.bd এ ই-মেইলের মাধ্যমে যোগাযোগ করতে হবে।

চ) ভর্তি পরীক্ষার আসন বিন্যাস যথাসময়ে সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজের ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমে জানানো হবে।

**৫। ভর্তি পরীক্ষা**

ক) ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠ্যক্রম অনুযায়ী পদার্থবিদ্যা (৩০ নম্বর), গণিত (৩০ নম্বর), রসায়ন (২০ নম্বর) এবং ইংরেজি (২০ নম্বর) বিষয়ের উপর মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময়কাল ১ ঘন্টা ৩০ মিনিট।

খ) প্রশ্নপত্র বাংলায় প্রণয়ন করা হবে। তবে কোন পরীক্ষার্থী যদি ইংরেজিতে প্রশ্নপত্র পেতে চায় তাকে তা আবেদনের সময় যথানিয়মে উল্লেখ করতে হবে।

গ) ভর্তি পরীক্ষা কক্ষে মোবাইল ফোন,ঘড়ি এবং অন্যান্য সকল ইলেকট্রনিক ডিভাইস (ওয়েব সাইটে প্রদত্ত নির্দিষ্ট মডেলের ক্যালকুলেটর ব্যতিত ) সঙ্গে আনা ও ব্যবহার করা সম্পূর্ণ নিষিদ্ধ।

**৬। মেধা তালিকা প্রণয়ন**

ক) মেধা তালিকার মোট নম্বরের মধ্যে ৭০% নম্বর আসবে ভর্তি পরীক্ষা থেকে এবং বাকি ৩০% নম্বর আসবে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষার ফলাফল থেকে।

খ) এস.এস.সি/সমমান পরীক্ষার প্রাপ্ত GPA কে ৩ দ্বারা ও এইচ.এস.সি/সমমান পরীক্ষার প্রাপ্ত GPA কে ৩ দ্বারা গুণ করা হবে।

গ) মেধা তালিকায় অবস্থান সমান হলে ভর্তি পরীক্ষায় যথাক্রমে মোট নম্বর, গণিত, পদার্থবিদ্যা ও রসায়ন-এ প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে।

ঘ) মেধা তালিকায় অন্তর্ভূক্তির জন্য লিখিত ভর্তি পরীক্ষায় কমপক্ষে ৩০ নম্বর পেতে হবে।

**৭। বিশেষ জ্ঞাতব্য বিষয়**

ক) মেধাক্রমের ভিত্তিতে ভর্তির জন্য ডাকা হবে এবং ভর্তির সময় মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা দিতে হবে।

খ) ভর্তির সময় মুক্তিযোদ্ধা সন্তান/ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/চা শ্রমিক সন্তান কোটার প্রার্থীকে সংশ্লিষ্ট মূল সনদপত্র প্রদর্শন করতে হবে। উল্লেখ্য যে, চা শ্রমিক সন্তান বলতে চা বাগানে কর্মরত শ্রমিকের সন্তান/অবসরপ্রাপ্ত শ্রমিকের সন্তান।

গ) অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

ঘ) কর্তৃপক্ষ ভর্তি সংক্রান্ত যে কোন নীতিমালা/নিয়ম সংশোধন, সংযোজন বা পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে।

**৮। ভর্তি সংক্রান্ত যোগাযোগ ঃ (সকাল: ৯:০০টা থেকে রাত ৭:০০টা)**

মোবাইল ঃ ০১৯১৬ ৫৯০৪৭২, ০১৬৩৪ ৩৭৪৪২৬, ই-মেইল ঃ admission@sec.ac.bd।

আবদুর রউফ
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ, সিলেট।
ও
সদস্য সচিব
ভর্তি কমিটি ২০২৩-২০২৪
সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ, সিলেট।

প্রফেসর ড. মোঃ রেজা সেলিম
ডিন, স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজি
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
ও
সভাপতি
ভর্তি কমিটি ২০২৩-২০২৪
সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ, সিলেট।